

এইচএসসি পরীক্ষা শুরু ৩০ জুন, রুটিন প্রকাশ

অনলাইন ডেস্ক

০২ এপ্রিল, ২০২৪
১০:৩৮

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আগামী ৩০ জুন থেকে শুরু হবে। মঙ্গলবার এই পরীক্ষার সময়সূচি (রুটিন) ঘোষণা করেছে শিক্ষাবোর্ডগুলো।

সময়সূচি অনুযায়ী বাংলা (আবশ্যিক) প্রথমপত্রের মাধ্যমে শুরু হবে এই পরীক্ষা। ১১ আগস্ট শেষ হবে লিখিত পরীক্ষা।

এরপর ১২ আগস্ট থেকে ব্যবহারিক পরীক্ষা শুরু হয়ে ২১ আগস্টের মধ্যে শেষ হবে।

আগামী ১৬ এপ্রিল থেকে এই পরীক্ষার ফরম পূরণ শুরু হয়ে চলবে ২৫ এপ্রিল পর্যন্ত। তবে নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণ না করতে পারলে পরে বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করার সুযোগ রয়েছে।

জানা গেছে, পূর্বঘোষণা অনুযায়ী, পুনর্বিদ্যাসকৃত (সংক্ষিপ্ত) পাঠ্যসূচিতে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা।